আমঝুপিতে মুকুল ফাউণ্ডেশনের শাড়ি-কাপড় বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মুকুল ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে শাড়ী- কাপড় বিতরণ করা হয়েছে।

রবিবার সকালে ফাউন্ডেশনের কার্যালয় প্রাঙ্গনে শাড়ি কাপড় বিতরণের উদ্বোধন করা হয়।

মুকুল ফাউন্ডেশনের চেয়ারম্যান প্রকৌশলী জিয়াউর রহমান মুকুল (ভার্চুয়াল) শাড়ি কাপড় বিতরণের উদ্বোধন করেন।

জিয়াউর রহমানের পিতা জহিরুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুজিবনগর ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল জলিল, বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, সেলিম রেজা, সাইদুর রহমান, মতিউল আশরাফ, আসাদুজ্জামান লিটন, আখতার হোসেন, রিকো প্রমূখ।

অনুষ্ঠানে আমঝুপি গ্রামে অসহায় ও দুস্থদের মাঝে এসকল শাড়ি কাপড় তুলে দেওয়া হয়।

মেহেরপুরে “বুড়িপোতা তরুণ সংগঠন”এর উদ্যোগে ঈদ উপহার বিতরণ

তরুণ ও প্রবাসী দ্বারা পরিচালিত একটি স্বেচ্ছাসেবী সংগঠন “বুড়িপোতা তরুণ সংগঠন” এর উদ্যোগে দুস্থ ও অসহায়দের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

শনিবার (৬ এপ্রিল) সকাল সাড়ে ৯ টার দিকে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৩ নং ওয়ার্ড ঈদগাহ ময়দানে এর বিতরণ অনুষ্ঠান

অনুষ্ঠিত হয়।

এসময় অনুষ্ঠানে মোঃ রেজাউল ইসলাম, মোঃ নাহিদ হোসেন, মোঃ সাহিদ, মোঃ দেলোয়ার,মোঃ রাজু আহমেদ, মোঃ সজিব রানা, মোঃ সাকিব, মোঃ জাহিদ, মোঃ জাকারিয়া, মোঃ আরিফুল প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় তারা বলেন, আমাদের নিজেদের পাশাপাশি ইউনিয়নের যারা দেশবিদেশে বিভিন্ন সেক্টরে কর্মরত আছে, তাদের সহযোগিতায় ইউনিয়নের প্রায় ১শত পরিবারে ঈদ উপহার সামগ্রী বিতরণ সম্ভব হয়েছে। আশাকরি ভবিষ্যতে সমাজের সবাই আমাদের সেচ্ছাসেবী সংগঠনের পাশে দাঁড়াবে, তাহলে আমরা সমাজের উন্নয়নের কাজ করতে সক্ষম হব।

এসময় ওই ইউনিয়নের ১শত দুস্থ ও অসহায়দের মাঝে চাল,ডাল,আটা,তেল,চিনি,সেলাই,লবনসহ বিভিন্ন খাদ্য সামগ্রী এবং শাড়ি ও লুঙ্গি বিতরণ করা হয়।

ঝিনাইদহ পৌরসভার উদ্যোগে প্রধানমন্ত্রীর দেওয়া শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহ পৌরসভার সামনে ৭হাজার ৭”শ অস্বচ্ছল পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর দেওয়া উপহার শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ পৌরসভার আয়োজনে এই কম্বল বিতরণ করা হয়। ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল এই শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠান উদ্বোধন করেণ।

এসময় পেনেল মেয়র সাইফুল ইসলাম মধু, পৌরসভার সচিব মোস্তাক আহাম্মেদ, মহিলা কাউন্সিলর অঞ্জুয়ারসহ অন্যান্য কাউন্সিলর ও পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিরা উপস্থিত ছিলেন। কম্বল বিতরণের আগে মেয়র হিজল বলেন এই কম্বল মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার এর সাথে আমেদের ব্যক্তিগত কিছু আছে এরপর আরও

শীতবস্ত্র দেওয়া হবে। প্রধানমন্ত্রী কাউকে অভুক্ত, গৃহহীন, শীতার্ত রাখবে না। আমরাও কাউকে শীতার্ত রাখতে চাইনা । প্রয়োজনে পৌরসভায় অস্বচ্ছল পরিবারের মাঝে বাড়ি বাড়ি গিয়ে কম্বল পৌছে দেওয়া হবে। আমার দাদা ভাই মহুল ভাই আপনাদের দোয়া আর সহযোগীতায় এমপি হয়েছে তিনি ৩০হাজার কম্বল বিতরণ করবেন। তাই এখানে যারা পাচ্ছেন না তারা হতাশ হয়েন না আমরা সবাইকে কম্বল দিব। তিনি সকলকে শান্ত হয়ে প্রধানমন্ত্রীর উপহার শীতবস্ত্র নেওয়ার আহবান জানান।

দামুড়হুদায় কৃষি উপকরণ বিতরণ

দামুড়হুদার কোষাঘাটায় ওয়েভ ফাউন্ডেশনের সদস্যদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ রোববার বিকেল সাড়ে ৩টার দিকে সমন্বিত কৃষি ইউনিট পিকেএসএফের আর্থিক সহায়তায় উপকারভোগীদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়।

ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো হযরত আলী।

বেসরকারি সংস্থা ওয়েভ ফাউন্ডেশনের কোষাঘাটাস্থ মিশ্র খামার প্রাঙ্গনে উপকরণ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক মোঃ কিতাব আলী, ডাঃ এ এম এস সহীদ, কৃষিবিদ ফায়সাল মাহমুদ, ডাঃ এহতেশামুল হক, সহঃ প্রাণীসম্পদ কর্মকর্তা হাসান রেজা ও সহঃ কৃষি কর্মকর্তা মোঃ বিপুল মিয়া।

মেহেরপুরে সেলাই মেশিন বিতরণ

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৪০ জন দরিদ্র ও প্রশিক্ষণার্থীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার (১৭ অক্টোবর) বেলা সাড়ে বারোটার দিকে জেলা পরিষদের হলরুমে এ সেলাই মেশিন বিতরণ করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম।

উচ্চমান সহকারী শাহিন ইকবালের সঞ্চালনায় সেলাই মেশিন বিতরণী অনুষ্ঠানে, সহকারি প্রকৌশলী মজিদুর রহমান চৌধুরী,প্যানেল চেয়ারম্যান আজিমুল বারী মুকুল, সদস্য ইমতিয়াজ হোসেন মিলন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ডেঙ্গু পরীক্ষার কীট বিতরণ

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে দেড় লক্ষ টাকার বাজেটের ১৫০০ টি কীট বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার বেলা ১১টার দিকে মেহেরপুর সিভিল সার্জন অফিসে জেলা পরিষদের চেয়ারম্যান মুহাঃ আব্দুস সালাম সিভিল সার্জন (ভারপ্রাপ্ত) ডাঃ জমির মোঃ হাসিবুস সাত্তার এর হাতে কীটগুলো তুলে দেন।

সিভিল সার্জন (ভারপ্রাপ্ত) মেহেরপুর জেলা সদর জেনারেল হাসপাতালের জন্য ৯০০ কীট, গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ৩০০ ও মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ৩০০ কীট বিতরণ করেন।

সিভিল সার্জন (ভারপ্রাপ্ত) ডাঃ জমির মোঃ হাসিবুস সাত্তার বলেন, আমাদের মেহেরপুর জেলায় ডেঙ্গু পরীক্ষার করার জন্য কীট সংকট হওয়ার কারণে জেলা পরিষদ চেয়ারম্যান বরাবর আবেদন করলে তিনি আমাদের দেড়

লক্ষ টাকার বরাদ্দ করে দেন সেই টাকা দিয়ে কীটগুলো আমরা ক্রয় করেছি। ডেঙ্গু যেভাবে দিনে দিনে বাড়ছে তাতে আমরা কীটের সংকটে ভুগছি। কীটগুলো পেয়ে আমরা অনেক উপকৃত হয়েছি।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা পরিষদ চেয়ারম্যান মুহাঃ আব্দুস সালাম, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অলোক কুমার দাস, গাংনী উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ সুপ্রভা রানী, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ আসাদুজ্জামান।

মেহেরপুরে বিনামূল্য বীজ ও রাসায়নিক সার বিতরণের শুভ উদ্বোধন

মেহেরপুরে রবি ২০২৩-২৪ মৌসুমী কৃষি প্রণোদনার আওতায় গম, ভুট্টা,সরিষা,শীতকালীন পেঁয়াজ মসুর মুগ,উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্য বীজ ও রাসায়নিক সার বিতরণের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সভাকক্ষে মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদফতরের সৌজন্য রবি ২০২৩-২৪ মৌসুমী কৃষি প্রণোদনার আওতায় গম ভুট্টা সরিষা শীতকালীন মসুর ও মুগ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রাপ্তিক কৃষকদের মাঝে বিনামূল্য বীজ ও রাসায়নিক সার বিতরণের শুভ উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

ক্ষুদ্র প্রাপ্তি কৃষকদের মাঝে বিনামূল্য বীজ বিতরণ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রশাসক মোঃ শামীম হাসান এসময় উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদার, সহকারী কৃষি অফিসার চাইনা পারভিন সহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে প্রকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে ঢেউটিন বিতরণ

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের বিশেষ বরাদ্দের ঢেউটিন প্রকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ ও অসহায় মানুষের মাঝে ঢেউটিন বিতরণ করা হয়েছে।
আজ সোমবার (২৪ জুলাই) বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে এই ঢেউটিন বিতরণ করা হয়।

গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তির সভাপতিত্বে অনুষ্ঠিত ঢেউটিন বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, গাংনী পৌর আওয়ামীলীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন চলতি অর্থ বছরে দূর্যোগ মন্ত্রণালয় থেকে বিশেষ বরাদ্দে ২০০ বান্ডিল ঢেউটিন পান। এর আগে ২৭ বান বিতরণ করা হয়েছে। বাকি ১৭৬ বান ঢেউটিন আজ সোমবার বিতরণ করা হয়। এসময় তাদের হাতে ৩ হাজার টাকার চেকও তুলে দেওয়া হয়

মুজিবনগরে জনপ্রশাসন

প্রতিমন্ত্রীর উদ্যোগে উপহার সামগ্রী বিতরণ

মুজিবনগরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের ব্যক্তিগত উদ্যোগে উপহার সামগ্রী বিতরণ। মুজিবনগর মুক্তিযোদ্ধা কমপ্লেক্স অডিটোরিয়ামে মুজিবননগর উপজেলা যুব মহিলা লীগের তত্ত্বাবধানে আজ সোমবার বিকেলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের মধ্যমণি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুব মহিলা লীগের কার্যনির্বাহী সদস্য (সাবেক)ও জেলা যুব মহিলা লীগের প্রতিষ্ঠাতা মোনালিসা ইসলাম অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন।

আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন মহাজনপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা রোকসানা রুনু।

মেহেরপুর সদর উপজেলা সাধারণ সম্পাদিকা রোজিনা আক্তার, মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান ও যুব মহিলা লীগ সভাপতি লতিফন নেছা লতা।

উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন জানান তিনি আওয়ামী রাজনৈতিক পরিবারের সন্তান হওয়া সত্ত্বেও কখনোই কোন পদে যেতে পারেননি ফরহাদ হোসেন দোদুল এই প্রথম তাকে যুব মহিলা লীগকে নেতৃত্ব দেওয়ার সাহস যুগিয়েছেন

উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন বলেন মেহেরপুরের উন্নয়নে ফরহাদ হোসেনের কোন বিকল্প নেই।

উক্ত অনুষ্ঠানে ১৫০০ জন যুব মহিলা লীগের কর্মীদের উপহার সামগ্রী প্রদান করা হয়। প্রিয় নেত্রীকে কাছে পেয়ে আবেগ আপ্লুত হয় অনেকেই। হোসেন মোনালিসা তার বক্তব্যে যুব মহিলা লীগের নেতৃত্বে নারী নেতৃত্ব যে একটি সক্রিয় রূপ পেয়েছে সে বিষয়ে বিস্তারিত তুলে ধরেন।

ঝিনাইদহে বাইসাইকেল ও সেলাই মেশিন বিতরণ

বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২২-২৩ এর আওতায় ঝিনাইদহ সদর উপজেলা প্রশাসনের আয়োজনে গরীব-মেধাবী শিক্ষার্থদের বাইসাইকেল,গরিব অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন, ফটোকপিয়ার, বেঞ্চ, খেলাধুলার সামগ্রীসহ নানা উপকরণ বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।

আজ বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলা চত্বরে এ উপকরণ বিতরণ করা হয়। অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এডভোকেট আব্দুর রশিদ, সহকারী কমিশনার (ভুমি) শারমিন আক্তার সুমি, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত।

অনুষ্ঠান শেষে মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৪১ বাইসাইকেল, নারীদের মাঝে ৪১ সেলাই মেশিন, প্রতিবন্ধী ১০ জনের হুইলচেয়ার, ৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে ফটোকপি মেশিন, ১০ টি স্প্রে মেশিন, ৪৪ জোড়া বেঞ্চসহ স্কুল ব্যাগ, খেলার সামগ্রী বিতরণ করা হয়।